আমাদের দেশের আবাসন ব্যবসার বয়স প্রায় অর্ধশত বছরের কাছাকাছি। তবে এ আবাসন শিল্পের বিকাশ দ্রুতগতিতে পরিলক্ষিত হয় ১৯৯৫ সালের পর থেকে। ঢাকার জনসংখ্যার চাপ সামলাতে বেসরকারি আবাসন খাতের ভূমিকা অপরিসীম। বিশেষ করে রিয়েল এস্টেট অ্যান্ড হাউজিং অ্যাসোসিয়েশন অব বাংলাদেশ (রিহ্যাব) ১৯৯১ সালে যখন প্রতিষ্ঠিত হয় তার সদস্য সংখ্যা ছিল মাত্র ১১। কিন্তু ২০১৬-এর হিসাব অনুযায়ী রিহ্যাবের সদস্য সংখ্যা ১ হাজার ১৫১। বর্তমানে তা আরো বেড়েছে। তথ্য অনুযায়ী প্রতি বছর প্রায় ১০ হাজার অ্যাপার্টমেন্ট ইউনিট রিহ্যাব সদস্য কর্তৃক প্রস্তুত করা হয়। দেশের মোট জিডিপির ১২-১৫ শতাংশ জোগান দেয় এ আবাসন খাত। তাছাড়া বর্তমানে আমাদের দেশের মানুষের উপার্জনের সক্ষমতা বেড়েছে। তবে গবেষণায় উঠে এসেছে, ঢাকা শহরের প্রতি বছর প্রায় ৩০ হাজার অ্যাপার্টমেন্ট ইউনিটের চাহিদা রয়েছে, যা বর্তমানে জোগানের তুলনায় দুই-তিন গুণের কাছাকাছি। তাছাড়া শহরে বসবাসরত পরিবারগুলোর মধ্যে একক পরিবারগুলো বেশি পরিলক্ষিত হচ্ছে এবং চাহিদা মোতাবেক জমির বর্ধমান মূল্য এবং অ্যাপার্টমেন্টগুলোর মূল্যবৃদ্ধি হওয়ার কারণে ফ্ল্যাটের

নিম্নবিত্ত কিংবা মধ্যবিত্ত পরিবারগুলোর ৬০-৭০ শতাংশ নতুন একটি অ্যাপার্টমেন্ট ক্রয় কিংবা উন্নত পরিবেশে তাদের বসবাসের মাসিক বাসা ভাড়া বহন করা অত্যন্ত কষ্টসাধ্য। যাকে আমরা বলি 'আনঅ্যাফোর্ডেবল'।

আকার ছোট হয়ে আসছে ক্রেতার চাহিদা অনুযায়ী। পরিসংখ্যান ব্যুরোর হিসাব অনুযায়ী বর্তমানে ঢাকা শহরে বসবাসরত পরিবারগুলোর গড় আকার ৪ দশমিক ২। দেখা যাচ্ছে মধ্যবিত্ত পরিবারগুলো ৮০০ থেকে ১ হাজার ২০০ বর্গফুটের অ্যাপার্টমেন্ট বেশি পছন্দ করছে। সেক্ষেত্রে এ পরিবারগুলোর সদস্য হয় চার-পাঁচজন এবং এ পরিবারগুলোর ন্যূনতম একজন সদস্য শহরের কোনো না কোনো চাকরির সাথে সম্পর্কযুক্ত। তাছাড়া গবেষণায় দেখা যায়, শহরে নাগরিকরা সেসব জায়গায় তাদের আবাসন গড়ে তুলতে চায় কিংবা ক্রয় করতে চায় যেখান থেকে তাদের কর্মক্ষেত্র বিশেষ করে তাদের ছেলেমেয়েদের শিক্ষাপ্রতিষ্ঠানের দূরত্ব কম। তাছাড়া মধ্যবিত্ত কিংবা নিম্নমধ্যবিত্ত পরিবারগুলো শহরকেন্দ্রিক বসবাসের দরুন উচ্চমূল্যের এ অ্যাপার্টমেন্টগুলো ক্রয়ের ক্ষেত্রে কিংবা মাসিক ভাড়া বাবদ তাদের উপার্জনের প্রায় অর্ধেক কিছু কিছু ক্ষেত্রে অর্ধেকের বেশি ব্যয় করে। সেক্ষেত্রে তারা তাদের দৈনন্দিন জীবনের বিভিন্ন চাহিদা বিশেষ করে খাবারদাবার, পোশাক কিংবা চিত্তবিনোদনের বিভিন্ন ইচ্ছাগুলোকে সীমিত করছে, যার প্রভাব পড়ছে তাদের মানসিক স্বাস্থ্যের ওপর। তথ্য-উপাত্ত বিশ্লেষণ করলে দেখা যায়, এ নিম্নবিত্ত কিংবা মধ্যবিত্ত পরিবারগুলোর ৬০-৭০ শতাংশ নতুন একটি অ্যাপার্টমেন্ট ক্রয় কিংবা উন্নত পরিবেশে তাদের বসবাসের মাসিক বাসা ভাড়া বহন করা অত্যন্ত কষ্টসাধ্য। যাকে আমরা বলি 'আনঅ্যাফোর্ডেবল'। সে কারণেই এ পরিবারগুলো তাদের উপার্জনের সাথে সক্ষমতা রেখে ঘনবসতিপূর্ণ পরিবেশে একটু কম মূল্যের বাসা ভাড়া বাবদ জীবন যাপন করছে। যেখানে বসবাসের সুস্থ ও সুন্দর পরিবেশ বিশেষ করে যাকে আমরা বলি স্বাস্থ্যসম্মত পরিবেশ তার অভাব অনুধাবিত হচ্ছে দিনকে দিন। এ ঘনবসতিপূর্ণ আবাসন শিল্পগুলো অত্যন্ত অপরিকল্পিতভাবে গড়ে উঠছে। একদিকে সেখানে বসবাসরত নাগরিকদের স্বাস্থ্যের ওপর নেতিবাচক প্রভাব ফেলছে। অন্যদিকে সামগ্রিক অর্থে একটি শহরের পরিবেশকেও দূষিত করছে। শহরটি হয়ে উঠছে বসবাসের অযোগ্য।

এখানে উল্লেখ্য, আবাসন খাতগুলো এ ধরনের প্রকল্পগুলোর জন্য বিশেষ করে অ্যাপার্টমেন্টের বর্গফুট কিংবা আকারের দিকে বেশি গুরুত্ব আরোপ করছে। যেমন একটি অ্যাপার্টমেন্টে কয়টি বেডরুম থাকবে কিংবা কয়টি বারান্দা থাকবে, এ ধরনের বস্তুগত বিষয়গুলোকে। সেখানে খরচের ব্যাপারগুলো মুখ্য হয়ে উঠছে। যে বিষয়টির দিকে আরেকটু নজর দিতে হবে সেটি হচ্ছে এ শহরে বেড়ে ওঠা ঘনবসতিপূর্ণ যে বহুতলবিশিষ্ট আবাসন প্রকল্প রয়েছে, যেখানে হয়তো নাগরিকদের চাহিদা অনুযায়ী বিভিন্ন ধরনের ছোট ছোট অ্যাপার্টমেন্ট সন্নিবেশের মাধ্যমে আমরা কম্প্যাক্ট লিভিং তৈরি করতে চাচ্ছি অর্থাৎ অল্প জায়গায় বসবাস করতে চাচ্ছি সেসব আবাসন প্রকল্প কী ধরনের নেতিবাচক প্রভাব ফেলতে পারে জনজীবনে সেদিকে। কারণ অনেকাংশেই দেখা যায়, অল্প জায়গায় বেশি মানুষের বসবাসের জন্য যে ধরনের প্রকল্প গড়ে উঠেছে সেগুলোকে দেখলে অনেক সময় বহুতলবিশিষ্ট বস্তি মনে হতে পারে! আমাদের ভেবে দেখতে হবে ভবিষ্যৎ পরিণতির কথা। শুধু বসবাসের জায়গা প্রদানের মাধ্যমে সমস্যা সমাধান হবে না, বরং এর সাথে ভবিষ্যতে আরো অনেক ধরনের স্বাস্থ্যগত কিংবা সামাজিক সমস্যাও সংযুক্ত হতে পারে, যা শহরের সামগ্রিক অবকাঠামোকে প্রভাবিত করতে পারে নেতিবাচকভাবে।

যদিও অতি অল্প জায়গায় কীভাবে স্বাস্থ্যসম্মতভাবে বসবাস করা যায় এ ধারণা স্থাপত্যের পরিভাষায় নতুন কিছু নয়। এমনকি টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রায় এ ধারণার কথা উল্লেখ রয়েছে। তবে আমাদের দেশে বর্তমানে যে আবাসন প্রকল্পগুলোকে দেখছি, যা ক্রমবর্ধমান নগরকেন্দ্রিক আবাসনের চাপ কমানোর জন্য চেষ্টা করছে সেখানে একটি প্রশ্ন থেকে যায়! সাময়িকভাবে হয়তোবা এ সুউচ্চ ঘনবসতিপূর্ণ আবাসন প্রকল্পগুলো বসবাসের সমস্যার সমাধান করতে পারে। হয়তোবা একটু কম খরচে দেশের মধ্যবিত্ত কিংবা নিম্নমধ্যবিত্ত পরিবারগুলো সেগুলো কিনতে পারে। তবে সেখানে বসবাসরত পরিবারগুলোর শারীরিক বা মানসিক স্বাস্থ্যের ওপর তাদের বসবাসের জায়গা কী প্রভাব বিস্তার করছে সেগুলো নিয়ে আরো বেশি গবেষণা প্রয়োজন। কারণ আমরা জানি যে একটি বসবাসের জায়গার সাথে বসবাসকারীর শারীরিক ও মানসিক একটি সম্পর্ক তৈরি হয়।

বিশেষ করে সেই পরিবারের নারী, ছোট ছেলেমেয়ে কিংবা বয়স্কদের ওপর। তাছাড়া আমাদের ঢাকা শহরের মতো ঘনবসতিপূর্ণ একটি জায়গায় বিষয়টি অত্যন্ত গুরুত্বপূর্ণ। কারণ সরকারি ও বেসরকারি মানসিক স্বাস্থ্য সংস্থার জরিপে দেখা গেছে, বিশেষ করে আমাদের ঢাকা শহরে প্রায় অর্ধেকের বেশি নাগরিক কোনো না কোনোভাবে মানসিক অস্থিরতায় ভুগছে, যার প্রবণতা দিনকে দিন বাড়ছে। এমনকি শহরভিত্তিক স্বাস্থ্যকেন্দ্রগুলোতেও বর্তমানে মানসিক সমস্যার বিষয়টি অত্যন্ত গুরুত্ব পাচ্ছে। যদিও এর পেছনে অনেকগুলো কারণ রয়েছে। তবে বসবাসের পরিবেশ অত্যন্ত গুরুত্বপূর্ণ একটি কারণ হিসেবে বিভিন্ন গবেষণায় চিহ্নিত। বিশেষ করে এই মহামারীর সময়ে বসবাসের জায়গার সাথে মানুষের যে আন্তঃসম্পর্ক ও স্বাস্থ্যের প্রভাব ওতপ্রোতভাবে জড়িত, সে বিষয়টি আমরা ভালোভাবে উপলব্ধি করতে পেরেছি। তাই ভবিষ্যৎ আবাসন প্রকল্প নির্মাণে বিষয়টি আলোকপাত ও সমাধানকল্পে বিশেষ আবাসন শিল্প নির্মাণ কোডের ব্যবস্থাপনা করতে হবে। বিশেষ করে শহরে বসবাসরত মধ্যবিত্ত ও নিম্নমধ্যবিত্ত পরিবারগুলোর জন্য যাদের সেই আর্থিক সক্ষমতা নেই তাদের বসবাসের জায়গা ইচ্ছা অনুযায়ী পরিবর্তন ও পরিবর্তন করার। সেক্ষেত্রে বসবাসকারীর দৈনন্দিন জীবনের চাহিদা ও মনস্তাত্ত্বিক বিকাশের দিকগুলোকে গবেষণার মাধ্যমে খুঁজে বের করতে হবে এবং সেগুলোকে প্রায়োগিক করতে হবে আবাসন শিল্পে। যেকোনো ধরনের 'পাবলিক হাউজিং'য়ের স্থান নির্ধারণ কিংবা নকশা প্রণয়নের ক্ষেত্রে বিষয়ভিত্তিক সামগ্রিকতা যেমন বসবাসকারীর আর্থসামাজিক অবস্থা, ধর্ম-বর্ণ, সাংস্কৃতিক পরিমণ্ডল বিবেচনা করতে হবে সুচারুভাবে। এমনকি নির্মিত হয়ে যাওয়া ঘনবসতিপূর্ণ আবাসন প্রকল্পগুলোকে কীভাবে নতুন করে বিন্যাস করা যায় সেগুলো নিয়েও বিশদ ভাবনা জরুরি। এক্ষেত্রে আমরা করোনা পরিস্থিতির আগে ও পরের নাগরিক অভিজ্ঞতাগুলোকে কাজে লাগাতে পারি এবং সমন্বয় করতে পারি বর্তমানে প্রচলিত বিল্ডিং কোডে।

তাছাড়া আমাদের আরো ভাবতে হবে বাসস্থানের শক্তি নিরাপত্তা ও জ্বালানি ব্যবহারের কথা। আবাসন প্রকল্পগুলোকে এমনভাবে ঢেলে সাজাতে হবে যেখানে শক্তির অপচয় কম হয়। সেটি পুরনো আবাসন প্রকল্প থেকে শুরু করে নবনির্মিত কিংবা ভবিষ্যতে নির্মিতব্য আবাসন প্রকল্পগুলোর ক্ষেত্রেও সমানভাবে প্রযোজ্য হবে। বিশেষ করে নতুন ও পুরনো আবাসন প্রকল্পগুলোর শ্রেণীবিন্যাস করে সেগুলোকে একটি নির্দিষ্ট রেটিং সিস্টেমের আওতায় আনা যেতে পারে। এ রেটিং সিস্টেম আবাসন প্রকল্পভেদে ভিন্ন হতে পারে। সেক্ষেত্রে ছয়তলার অধিক বহুতল ভবনগুলোর জন্য ভিন্নভাবে চিন্তা করা যেতে পারে সেখানকার পারিপার্শ্বিক প্রকৃতি ও পরিবেশের কথা চিন্তা করে। সেই সাথে এনার্জি রেট্রোফিটিংয়ের মাধ্যমে শক্তির অপচয় কমানো যেতে পারে যা বহির্বিশ্বে সমাদৃত। তাছাড়া এলাকাভিত্তিক শক্তি সংরক্ষণ নীতিমালা এ আবাসন প্রকল্পগুলোর জন্য প্রণয়ন করা যেতে পারে। সেক্ষেত্রে বসবাসকারী জীবনযাত্রার মান কিংবা গতিপ্রকৃতি ইত্যাদি বিষয়ে বিচার-বিশ্লেষণ করেই নির্দিষ্ট শক্তি সংরক্ষণ নীতিমালা ভিন্ন ভিন্ন শহরের জন্য প্রণয়ন ও প্রয়োগ করা যেতে পারে, যা আমাদের দেশের জন্য এ মুহূর্তে অত্যন্ত গুরুত্বপূর্ণ।

এ কথা প্রতীয়মান যে করোনা-পরবর্তী সময়ে স্থাপত্যচর্চায় বিশেষ করে আবাসন শিল্প বিকাশে বিশেষ একটি পরিবর্তন আসবে। তবে সেই পরিবর্তনটি কীভাবে বর্তমান নাগরিক জীবনযাপনের সাথে সমন্বিত হবে কিংবা অভিযোজিত হবে সেগুলো নিয়ে বিস্তর গবেষণার প্রয়োজন। কারণ আমাদের মতো জনবহুল একটি দেশের নিজস্ব কিছু প্রেক্ষাপট রয়েছে, যা অন্যদের তুলনায় সম্পূর্ণ ভিন্ন ও জটিল। সেখানে নাগরিকদের সামাজিক-অর্থনৈতিক কিংবা স্বাস্থ্য সম্পর্কিত বিষয়গুলো বসবাসের জায়গার সাথে প্রত্যেকটি ধাপে জড়িত। সেই সঙ্গে রয়েছে নাগরিকদের ভবিষ্যৎ চাহিদার সমন্বয়। আর আমাদের দেশের ভবিষ্যৎ আবাসন শিল্পকে অবশ্যই অর্থমূল্যের সাথে এ বিষয়গুলো চ্যালেঞ্জ হিসেবে নিতে হবে মানসম্পন্ন অবকাঠামো উন্নয়নের লক্ষ্যে। আমাদের দেশের স্থাপনা নির্মাণ শিল্পের আধুনিকায়ন প্রয়োজন। যেকোনো ধরনের প্রকল্প বিশেষ করে আবাসিক এলাকায় যে প্রকল্পগুলো হচ্ছে সেগুলো নির্মাণের সময় কোনোভাবেই পরিবেশ দূষণ না হয় সেদিকে সুনির্দিষ্ট নীতিমালা প্রণয়ন ও নির্মাণাধীন স্থাপনায় প্রয়োগ করতে হবে। সবশেষে কর্মক্ষেত্রে নির্মাণ শিল্পে শ্রমিকদের স্বাস্থ্যবিধি ও সামগ্রিক নিরাপত্তার বিষয়টি সর্বাঙ্গীণভাবে গুরুত্ব দিতে হবে, যা এখনো উপেক্ষিত।

আবাসন প্রকল্পগুলোকে এমনভাবে ঢেলে সাজাতে হবে যেখানে শক্তির অপচয় কম হয়।

ALTERNATIVE BUILDING MATERIALS & TECHNOLOGY FOR SUSTAINABLE CLIMATE CHANGE ADAPTION IN BANGLADESH

Md. Nafizur Rahman
Senior Research Architect,
Housing and Building Research Institute (HBRI)
& Secretary (Environment & Urbanization) of 24th EC, Institute of Architects Bangladesh (IAB)
email: nafiz@hbri.gov.bd

Md. Nafizur Rahman is working as Senior Research Architect at Housing and Building Research Institute (HBRI). His field of Research is Eco-Housing, Affordable Housing, Green building materials development & Cool Roof. He has served at SREDA as D.D (Energy Audit, Solar). Ar. Nafiz is the lead author of the Building Energy Efficiency and Environment Rating (BEEER) Guideline for Bangladesh. He also worked in the BNBC update program and as a steering committee member. was the coordinator of the IFC-HBRI Green Building Code (EDGE) Project. He is also working with the DoE as an expert member of the environment Clearance Committee. He completes his Graduation in Architecture from the UAP and masters in Renewable Energy Technology at the Institute of Energy, DU, the government awarded Ar. Nafiz as the Best officer in the Power sector in the 2016 National Award. He is currently serving as Secretary (Environment and Urbanization) of 24th EC, Institute of Architects Bangladesh (IAB).

Monjur Parvez
Research Architect,
Housing and Building Research Institute (HBRI)
Email: monjur.parvez@hbri.gov.bd

After receiving Bachelor of Architecture degree from Chittagong University of Engineering and Technology (CUET) in 2016, Monjur started his career in Architecture and Built Environment as an Assistant Architect at SILT Architectural Consultant, where he gained his experience in Energy efficient building and Green Industry design. With more than 5 years of experience under his belt in Sustainable and Energy Efficiency in Architecture, he is currently working as a Research Architect at Housing and Building Research Institute (HBRI), under the Ministry of Housing and Public Works. His research interests focus on Energy Efficiency in Architecture and Urban Open Space Development.

INTRODUCTION

When someone thinks about 'Climate Change Mitigation', brick production reduction is probably not one of the first things that comes to mind. However, when it comes to taking climate action, every bit count – and it turns out that brick sector isn't so little at all. Worldwide, 1.5 billion clay bricks are fired in rudimentary kilns every year, which are responsible for 20 percentage of world's black carbon emissions. About 90% of these happens in China, India, Pakistan, Vietnam and Bangladesh (CCAC, 2020).

In Bangladesh, clay brick production is the largest source of greenhouse gas (GHG) emission, which consumes 2.2 million tons of coal and 1.9 million tons of firewood and emits annually 8.75 million tons of GHG emissions.

Existing data suggests that there are 6,637 brick kilns (as of June 2016, DoE) and approximately double the number are running illegally in Bangladesh. These kilns generate nearly 60% of particulate pollution in Dhaka City alone. According to the study of Climate & Clean Air Coalition (CCAC, 2020) these particulate matter emission is a major component of hazardous air pollution that kills some 7 million people around the world every year. The WHO ranks Dhaka among the 50 out of 3,000 cities with the highest annual mean concentration of PM2.5, which is considered a potent and efficient killer.

In addition to these, Bangladesh is losing over 1.27 billion cubic feet of topsoil each year due to clay brick production. According to the Association of Land Reform and Development (ALRD), Bangladesh is experiencing 1% land loss every year along with aggravated deforestation and depletion of non-renewable fossil resources. Keeping these in mind, Housing and Building Research Institute (HBRI), the custodian organization of Bangladesh National Building Code, has been working intensely to develop Alternative Building Materials which will be a sustainable replacement of clay burnt brick here in Bangladesh. To replace this widely used and conventional product like 'brick', a sustainable replacement will have to be inexpensive, raw material will have to be abundant and the process will have to be environment friendly.

After years of research and development HBRI has come up with several Alternative Building Materials and Technologies which covers all these criteria. Became aware of the situation, Government has decided to phase out the use of clay burnt bricks by 2025 and the first phase of this process has already been started with the use of environment friendly non fired concrete blocks in Government Construction projects.



Alternative Environmet Friendly Building Materials Developed by HBRI

Alternative Building Materials

As an alternative to clay burnt bricks, Concrete blocks has been using in Bangladesh as well as many other countries for a long time, but in conventional concrete blocks the amount of coarse sand and cement are high, thus not cost efficient in replacement of bricks. Addressing this issue, HBRI has developed several alternative concrete blocks using 'river dredged sand', Admixture and comparatively low amount of cement. As a Riverine Country, river dredged sands are widely available throughout Bangladesh and very much inexpensive in comparison to the coarse sand like Sylhet sand. Mixing this river dredged sand with Admixture and Cement the blocks are made out of high-pressure compression, hence these blocks are non-fired and environment friendly.

HBRI has developed many alternative materials using this principal: Sand Cement Hollow Block, Sand Cement Solid Block, Non-Fired Solidification Block, CSSB, Interlocking CSSB etc. Along with many other researches HBRI is currently working on the development of Autoclaved Aerated Concrete (AAC) Blocks which is four times lighter than traditional bricks, Precast building material suitable for producing concrete masonry unit, composed of quartz sand, calcined gypsum, lime, cement and aluminum powder in the context of Bangladesh. Successful development of this block will help us to achieve faster construction, minimum wastage and better thermal insulation and energy efficiency in building industry.



Alternative Building Technology

Along with the traditional building construction method of Bangladesh using local materials, the conventional construction trend usually focuses on the Reinforced Cement Concrete frame structure and use of clay burnt brick as an infill partition wall. This process takes long construction period, huge amount of wastage and labour.

HBRI has been trying to develop and adopt new construction methods to ensure faster and safe construction reducing construction wastage and protection of environment during construction period. From low-cost building construction technologies to emergency shelter, HBRI has been working to provide better solution for different aspects of building industry in Bangladesh. To provide better roofing technology in comparison to conventional corrugated sheets which is widely used in this country, HBRI has improved Ferrocement Folded Plate which is Low Cost, easily replicable in remote areas, environment friendly and durable. Ferrocement U Channel can be used in intermediate floors which is precast and ensure fast construction.

Floating House and earthbag shelter have been developed to provide emergency shelter in flood prone areas and cyclone affected areas to ensure safe shelter during disaster. HBRI is currently working on development of Cyclone resilient housing for the Costal Area of our country to ensure cost effective solutions for the vulnerable community in a joint venture initiative with non-Government organizations.

As a largely diverse country like Bangladesh, where geographical conditionvaries from the landslide risk area to flood prone zone of this country, it's a complex scenario in housing sector.

Bangladesh National Building Code, Policy Development and Skill Development Initiatives

As a custodian organization of Bangladesh National Building Code, HBRI has been working in development of many other national policies relating to Housing and Building Sector of Bangladesh along with National Building Code. Professional Trainings and development of Social Awareness is also a vital role which HBRI has been playing for the Sustainable Development of Bangladesh.

Conclusion

Through the Research, Training and Policy Development, Housing and Building Research Institute (HBRI) has been contributing not only to the development and promotion of Alternative Building Materials, but also to the sustainable Climate Change Adaption for the future of Bangladesh.



Story Based Photography on Fishery Ghat CTG.
By **SHAIBAL RAKSHIT**

মীন ও মনুর দিনরাত্রি

চট্টগ্রামের ফিশারীঘাট বাংলাদেশের অন্যতম একটি মৎস্য বাণিজ্য কেন্দ্র। এই ফিশারীঘাট স্থাপিত হয় ১৯৬৪ সালে। স্বাধীনতা পূর্ববর্তী সময়কাল থেকে এই ফিশারীঘাটকে ঘিরে একটি গুরুত্বপূর্ণ অর্থনৈতিক ও সামাজিক আবহ তৈরী হয়ে এসেছে। বিপুল সংখ্যক মাঝি, জেলে, বরফ ব্যবসায়ী এবং মৎস্য ব্যবসায়ী এই ফিশারীঘাট ও বাজারের ওপর নির্ভরশীল। এই মৎস্য ব্যবসাকে কেন্দ্র করে যে কর্মযজ্ঞ দিনরাত সম্পন্নহয়ে থাকে তা সত্যিই দর্শনীয়। মাছে-ভাতে বাঙ্গালীর মাছের চাহিদা পূরণের নেপথ্যকাহিনী উপলব্ধি করবার মতো। এই কর্মযজ্ঞের পরিসরে দিন-রাত কাজ করে থাকেন জেলে, মাঝি, মহাজন, ব্যবসায়ী এবং সকল স্তরের ভোক্তারা। দিনরাতের এই মহোৎসবে দিনের আয়োজন দেখা গেলেও রাতের আয়োজন লোক চক্ষুর আড়ালে থেকে যায়। আর সেই আয়োজনটা হলো একদল জেলের গভীর সমুদ্রে মাছ ধরার গল্প। আমি আমার তোলা ছবির মাধ্যমে দিনের গল্পটা তুলে ধরবার চেষ্টা করেছি।

ভোরের আলো ফোটার আগে থেকেই কর্মযজ্ঞের সূচনা হয় এই ঘাট এবং বাজারে। মাছ ধরার ট্রলারগুলো গভীর সমুদ্র থেকে ফিরে আসে মাছ ভর্তি এসব ট্রলার হাত বদল হয়ে যায় মহাজনের কাছে। আর মহাজনই সর্বপ্রথম কর্মযজ্ঞের সূচনা করে। তারপর ব্যবসায়ী এবং ভোক্তারা এই ব্যস্ততায় সামিল হন। জেলের দল ঘাটে আসবার পর তাদের মূল কাজ হয় মহাজনকে সাহায্য করা। মহাজনের কাছে মাছ হস্তান্তরের পর শুরু হয় নিলাম ডাকের পর্ব। বছরের বিভিন্ন সময়ে বিভিন্ন মাছের আধিক্য দেখা যায়। তবে জেলেদের মধ্যে কয়েকটি অংশকে দেখা যায় যারা সমুদ্রের বিভিন্ন স্তরের মাছ ধরে থাকে। আর স্তরভাগ করেই মাছ ধরার জালের শ্রেণি বিন্যাস হয়ে থাকে। সাধারণত: এই ঘাটে দুই ধরণের জাল দেখা যায়-(১) ভাসান জাল (২) ডুব জাল।



ভাসান জাল সাগরের ওপরের স্তরের মাছ এবং ডুব জাল গভীর জলের মাছ ধরবার কাজে ব্যবহৃত হয়। কয়েক টন জাল নিয়ে এক-একটা ট্রলার গভীর সমুদ্রে মাছ ধরার যাত্রা শুরু করে। লোকবল হিসেবে একট ট্রলারে সর্বনিম্ন ৮ থেকে ১০ জন এবং সর্বোচ্চ ১৭-২০ জন থাকে। এদের মধ্যে প্রধান হয় মাঝি, তার হাতেই সব ক্ষমতা থাকে। ৩০০ থেকে ৫০০ মন মাছ এক-একটা ট্রলারে ধরা পড়ে। এই শতশত মন মাছই হচ্ছে এই ঘাট ও বাজারের মূল আকর্ষণ। চট্টগ্রামের বিভিন্ন জায়গার মাছ ব্যবসায়ীরা এই ঘাটে আসেন এবং বিভিন্ন ট্রলার এবং ঘাটে মাছ কেনাবেচা শুরু হয়। মাছগুলো কেনার পর বাজারজাত করার জন্য মাছগুলোকে প্রক্রিয়াজাত করা হয়ে থাকে। যেহেতু এই মাছ প্রক্রিয়াজাত করা হয় নিম্ন তাপমাত্রায় সেহেতু বরফ এখানে অপরিহার্য অংশ। বরফের এইচাহিদাকে কেন্দ্র কওে কিছু বরফকল এই ফিশারীঘাটের আশেপাশের এলাকায় গড়ে উঠেছে। মাছ বাজারে মাছের চাহিদার সাথে সাথে বরফের চাহিদাও ওঠানামা করে। সাধারণ মওসুমে একটি বরফের বার (টুকরো) এর দাম হয় ১৫০ থেকে ১৭০ টাকা। কিন্তু ইলিশের মওসুমে এর দাম হয়ে দাঁড়ায় ৪০০ থেকে ৫০০ টাকায়।

বাজারে মাছের সরবরাহ যত বেশি হয় বরফের দাম ততো বেশি থাকে। এই বাজারে ক্ষুদ্র ব্যবসায়ীরা বরফ কিনে নিজেরাই প্রক্রিয়াজাত করে থাকে। বড় প্রতিষ্ঠানগুলো প্রক্রিয়াজাত করবার জন্য প্রক্রিয়াজাতকরণ দোকানের ওপর নির্ভরশীল। এই দোকানগুলোতে অধিকাংশ শ্রমিকই হচ্ছে নারী ও শিশু। মাছ প্রক্রিয়াজাতকরণের পর এই মাছ দূর-দুরান্তে পাঠানোর জন্য দুরপাল্লার হিমায়িত গাড়ী ব্যবহার করা হয়ে থাকে। এই ফিশারীঘাটের পাশেই একটি হিমাগার আছে।

অনেক ব্যবসায়ী এই হিমাগারে মাছ সংরক্ষণ করে থাকে। চট্টগ্রামের বিভিন্ন হোটেল, রেস্তোরা এমনকি বিয়ের অনুষ্ঠানে ব্যবহৃত মাছ এই ফিশারীঘাট থেকে পাইকারীভাবে কেনা হয়ে থাকে। এছাড়াও স্থানীয় অধিকাংশ বাজারের মাছের যোগানদাতাও এই ফিশারীঘাট ও বাজার। ট্রলার গুলো খালি হওয়ার পর মাঝিরা পরবর্তী যাত্রার জন্য প্রস্তুত হতে থাকে। পুরোনো ক্ষতিগ্রস্থ জালগুলো মেরামত করে প্রস্তুত হয় আবার।



> “অসংখ্য মানুষের চাওয়া-পাওয়ার স্থান এই ফিশারীঘাট। অসংখ্য মানুষের জীবনযুদ্ধের কাহিনী রচিত হয় এই ফিশারীঘাটকে ঘিরে”

মাছে-ভাতে বাঙ্গালীর মাছ ব্যবসার চাঞ্চল্য তুলে ধরাই ছিলো আমার তোলা ছবিগুলোর মূল উদ্দেশ্য। আর এই অসাধারণ ফিশারীঘাটকে ঘিরে গড়ে উঠেছে এখানকার নদী তীরবর্তী নগরায়ন ও বাণিজ্য সংস্কৃতি। এই এলাকার নিম্নবিত্ত হতে শুরু করে ধনী শ্রেণির প্রাণ স্পন্দন হচ্ছে এই ফিশারীঘাট ও তার মাছ এবং এর বিস্তৃত নদীর অপর পাড় পর্যন্ত লাভ করেছে। আর বেছে নেয়া হয়েছে বিশদ অঞ্চল। তাই একদিকে কালের সাক্ষীকে সংরক্ষণ এবং অপর দিকে নতুন দিগন্তের সূচনা এই দুইয়ের মিলনস্থল এই ফিশারীঘাট। আর ছবিগুলোর মাধ্যমে এই অনন্য জায়গাটিকে তুলে ধরাই ছিল আমার প্রয়াস।



ANNIVERSARY
SPECIAL ISSUE

photo album

Founding Anniversary Celebration 2019

বাস্থই-চট্টগ্রাম চ্যাপ্টারের প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষ্যে আয়োজিত অনুষ্ঠান ২০১৯

বাংলাদেশ স্থপতি ইন্‌স্টিটিউট (বাস্থই), চট্টগ্রাম চ্যাপ্টারের প্রতিষ্ঠাবার্ষিকী উদ্‌যাপন উপলক্ষে আয়োজিত সেমিনার ও সাংস্কৃতিক অনুষ্ঠান ২৮ সেপ্টেম্বর, ২০১৯ইং শনিবার চট্টগ্রাম ক্লাব মিলনায়তনে সম্পন্ন হয়।

বাস্থই চট্টগ্রাম চ্যাপ্টারের চেয়ারম্যান স্থপতি নাজমুল লাতিফ এর সভাপতিত্বে এবং স্থপতি বিজয় এস. তালুকদার এর সঞ্চালনায় "আর্কিটেকচার ইজ দ্যা লাইফ উই লিভ এন্ড ওয়ান্ট টু লিভ" শিরোনামে এক সেমিনার অনুষ্ঠিত হয়। সেমিনারে সচিত্র প্রতিবেদন উপস্থাপন করেন আগা খান স্থাপত্য পুরস্কারপ্রাপ্ত দেশ বরেণ্য স্থপতি সাইফ উল হক।

প্রতিষ্ঠাবার্ষিকী উদ্‌যাপন অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন বাংলাদেশ স্থপতি ইন্‌স্টিটিউট (বাস্থই) এর সম্মানিত সভাপতি স্থপতি জালাল আহমেদ এবং বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন আগা খান স্থাপত্য পুরস্কারপ্রাপ্ত স্থপতি সাইফ উল হক।

সন্ধ্যায় বিভিন্ন স্থপতিদের পরিবেশনায় এক মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান অনুষ্ঠিত হয় এবং নৈশভোজের আয়োজন করা হয়।

বাস্থই চট্টগ্রাম চ্যাপ্টারের প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে বাংলাদেশ স্থপতি ইন্‌স্টিটিউট (বাস্থই)-এর নির্বাহী পরিষদ ও বাস্থই-চট্টগ্রাম চ্যাপ্টার কমিটির নেতৃবৃন্দ ছাড়াও স্থপতি সোহেল এম. শাকুর, স্থপতি মো: শাহীনুল ইসলাম খান, স্থপতি নাজমা সুরাইয়া খান, স্থপতি আশিক ইমরান বক্তব্য রাখেন। ধন্যবাদ জ্ঞাপন করেন বাস্থই চট্টগ্রাম চ্যাপ্টারের সম্পাদক স্থপতি ফারুক আহমেদ।

অনুষ্ঠানে বাংলাদেশ স্থপতি ইন্‌স্টিটিউট (বাস্থই)-এর নির্বাহী পরিষদ ও বাস্থই-চট্টগ্রাম চ্যাপ্টার কমিটির সদস্যবৃন্দ, অতিথিবৃন্দ, উল্লেখযোগ্য সংখ্যক স্থপতি এবং স্থাপত্য ছাত্র-ছাত্রীরা উপস্থিত ছিলেন।

INAUGURATION
FOUNDING ANNIVERSARY CELEBRATION-2019
IAB - CHATTOGRAM CHAPTER

ANNIVERSARY
CHIEF GUEST : AR. JALAL AHMED
PRESIDENT, INSTITUTE OF ARCHITECTS BANGLADESH
SPECIAL GUEST &
KEY NOTE SPEAKER : AR. SAIF UL HAQUE
PRINCIPAL, SAIF UL HAQUE STHAPATI (SHS)
PRESIDED BY : AR. NAJM-UL LATIF
CHAIRMAN, IAB, CHATTOGRAM CHAPTER
INSTITUTE OF ARCHITECTS BANGLADESH
CHATTOGRAM CHAPTER

CHIEF GUEST : AR. JALAL AHMED
PRESIDENT, INSTITUTE OF ARCHITECTS BANGLADESH
SPECIAL GUEST &
KEY NOTE SPEAKER : AR. SAIF UL HAQUE

FOUNDING
ANNIVERSARY
CHIEF GUEST : AR. JALAL AHMED
PRESIDENT, INSTITUTE OF ARCHITECTS BANGLADESH
SPECIAL GUEST &
KEY NOTE SPEAKER : AR. SAIF UL HAQUE
PRESIDED BY : AR. NAJM-UL LATIF
INSTITUTE OF ARCHITECTS BANGLADESH

HONORABLE CHIEF GUEST

ARCHITECT'S SPEECH

AR. JALAL AHAMED

AR. BIDHAN CHANDRA BARUA

AR. SOHAIL M SHAKOR

AR. NAJMA SURAIYA

HONORABLE INVITED GUEST

A KHAN

AR. MD SHAHINUL ISLAM KHAN

AR. NAJM-UL LATIF (SUHAYL)

AR. ASHIQ IMRAN

PARTICIPANTS OF THE SEASONS

PRESIDED BY
: AR. NAJM-UL LATIF
INSTITUTE OF
ARCHITECTS
BANGLADESH

SEMINAR

CULTURAL EVE

SEMINAR PRESENTED BY
AR . SAIF UL HAQUE

NTS

MUSICAL & DANCING PROGRAM
OF THE FOUNDING ANNIVERSARY CELEBRATION-2019

SPECIAL THANKS TO

PLATINUM SPONSOR

AKIJ CERAMICS
Promise of Perfection

RAK CERAMICS

Elite Paint

GOLD SPONSOR

MIRPUR CERAMICS
FOR A LIFETIME INVESTMENT

KHADIM CERAMICS
BUILDING A BETTER BANGLADESH

asianpaints

কনফিডেন্সসিমেন্ট | আস্থা রাখুন

PEDROLLO
the spring of life

2021-2022

THE 10TH COMMITTEE OF CHATTOGRAM CHAPTER
INSTITUTE OF ARCHITECTS BANGLADESH (IAB)

Chairman: **Ar. Ashiq Imran** (I-044)
Deputy Chairman: **Ar. Faruk Ahmed** (A-095)
Secretary: **Ar. Fazle Imran Chowdhury** (C-035)
Treasurer: **Ar. Bijoy Shankar Talukder** (T-014)
Member (Membership): **Ar. Mohammad Saifur Rashid** (R-109)
Member (Profession): **Ar. Md. Asaduzzaman Chowdhury** (C-40)
Member (Seminar & Education): **Ar. Adar Yusuf** (Y-010)
Member (Heritage & Culture): **Ar. Md. Imran Bin Hussain** (H-196)
Member (Publication): **Ar. Md. Mainul Hassan Tuheen** (H-228)

NOT THIS MUCH
BUT IT'S REALLY BIG!

60X120 CM TILES

12 MM THICKNESS | HIGH-GLOSS FINISH

Hotline: 08000016609 www.akijceramics.net /akijceramics

AKIJ CERAMICS
Promise of Perfection

RAKCERAMICS.COM

SERVING IN 150 COUNTRIES

RAK CERAMICS

১ দিনে ঘর রঙিন*

www.elitepaint.com.bd/super-application

Visit & Book your Service

* Conditions Applied

AWARDED Superbrands BANGLADESH'S CHOICE 2020-21

ELITE SUPER APPLICATION
ONE DAY PAINTING SERVICE

09666733733
01955310312

রং এর রাজা Elite Paint

Platinum Sponsor

KHADIM'S
ROOF TILE

Putting a roof over
Chittagong!

AT
BANGLADESH
NAVAL ACADEMY

Since 1958
MIRPUR CERAMICS
FOR A LIFETIME INVESTMENT

Since 1995
KHADIM CERAMICS
BUILDING A BETTER BANGLADESH

Call for queries: +8801730 010 555, +880 1730 010 566 For more info visit: mirpurceramic.com | khadimceramic.com

Gold Sponsor

Gold Sponsor

সর্বোচ্চমানের সিমেন্টে দরকার
A গ্রেড ক্লিংকার

সর্বোচ্চমানের সিমেন্ট উৎপাদনের জন্য প্রয়োজন A গ্রেড ক্লিংকার। সিমেন্ট উৎপাদনে শুধুমাত্র কনফিডেন্স সিমেন্টই ব্যবহার করছে A গ্রেড ক্লিংকার। যা আপনাকে দিচ্ছে সর্বোচ্চমানের সিমেন্টের নিশ্চয়তা।

কনফিডেন্সসিমেন্ট | আস্থা রাখুন

কনফিডেন্স হাইটস, প্লট-১, লেইন-১, রোড-২, ব্লক-এল
হালিশহর হাউজিং এস্টেট, আগ্রাবাদ এক্সেস রোড, চট্টগ্রাম।
ফোন : ৭১১৪৭১-৩, ৭২৮৩০৪, ২৫১০৩৮৬, ০১৭৩০-৩১০০৯২

PEDROLLO
the spring of life

DG PED

AUTOMATIC PRESSURISATION SYSTEM WITH INVERTER

Clean water
Domestic use
Civil use

16308
Call Center
9:00AM - 9:00PM

MAIN FEATURES

ALL IN ONE

Main components:
Multistage self-priming pump
Expansion vessel
Non-return valve
Intuitive control panel

LOW-NOISE

CONSTANT PRESSURE

EASY TO USE

COMPACT DIMENSIONS

INSTALLABLE ANYWHERE

Thanks to its compactness and low noise level the DG PED can be installed anywhere

DOMESTIC USE

A single DG PED meets the requirements of single apartments or small houses.

RESIDENTIAL USE

Two DG PED assembled as a set meet the requirements of more than one apartment.

www.pedrollo.com.bd www.pnlholdings.com pedrollonkltd

Gold Sponsor

In association with:

Union International Des Architects

CAA
Commonwealth Association of Architects

arcasia
Architects Regional Council of Asia

SAARCH
SAARC Association of Architects

বাংলাদেশ স্থপতি ইন্সটিটিউট
INSTITUTE OF ARCHITECTS BANGLADESH
CHATTOGRAM CHAPTER

Flat: A5 (4th floor), 12/B, SS Khaled Road,
Chattogram, Bangladesh.
Telephone: +8802333354411
Email: iabctg4000@gmail.com
Website: www.iab.com.bd
Facebook: www.facebook.com/iabctg